কালের কণ্ঠ

তারিখ : 30 MAR 2016 ...
পৃষ্ঠা ...২০ কলাম ...৭ ...

## বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান

# নতুন পদ্ধতিতে শিক্ষক নিয়োগ এপ্রিল থেকে

**চাকরি আছে প্রতিবেদক ▷**
আগামী এপ্রিল থেকে নতুন পদ্ধতিতে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ কার্যক্রম শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অনলাইনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া পরিচালিত হবে। এ জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এবং রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটকের মধ্যে একটি চুক্তি সই হয়েছে।

এত দিন ধরে ৩৬ হাজারের মতো শিক্ষাপ্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কমিটি শিক্ষক নিয়োগ দিয়ে আসছিল। ২০১০ সালের শিক্ষানীতিতে সরকারি কর্মকমিশনের (পিএসসি) আদলে বেসরকারি শিক্ষক নিয়োগের জন্য কমিশন গঠন করার কথা বলা হয়েছে। সে অনুযায়ী শিক্ষক নিয়োগে পরিচালনা কমিটির একচ্ছত্র ক্ষমতা বাতিল করে কেন্দ্রীয়ভাবে মেধাতালিকা করে সেখান থেকে নিয়োগের সিদ্ধান্ত নেয় সরকার।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, নতুন পদ্ধতিতে তিন মাস আগে থেকে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে কতটি পদ খালি হবে, তা জানা যাবে। শিক্ষক হতে চাইলে টেলিটকের মাধ্যমে সরাসরি অনলাইনেই এনটিআরসিএ বরাবর আবেদন করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে আবেদন করা লাগবে না। আবেদনকারীদের মধ্য থেকে শিক্ষক নিবন্ধন পরীক্ষার মেধাতালিকার ভিত্তিতে এনটিআরসিএ শিক্ষক নিয়োগ দেবে। প্রথমে উপজেলার প্রার্থীরা বিবেচনায় আসবে। যোগ্য প্রার্থী না পাওয়া গেলে জেলার মেধাতালিকা থেকে নিয়োগ করা হবে। তাতেও প্রার্থী না পাওয়া গেলে বিভাগীয় তালিকাকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটি শুধু নিয়োগপত্র ইস্যু করবে।

স্কুল-কলেজ-মাদ্রাসায় শিক্ষক নিয়োগ দিতে কিছুদিন আগে ত্রয়োদশ শিক্ষক নিবন্ধনের বিজ্ঞপ্তি প্রকাশ করে এনটিআরসিএ। এর আগে যাঁরা উত্তীর্ণ হয়েও নিয়োগ পাননি তাঁরা টেলিটকের মাধ্যমে আবেদন করতে পারবেন।

